

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৭.২০১৩- *teo*

তারিখঃ ০৮.১৪২২ বঙ্গাব্দ  
১৭ .১২.২০১৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ সমীর কুমার পাল (৪৫৭১২), ডেন্টাল সার্জন, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা মন্ত্রণালয়ের ৩০.০১.২০০৮ তারিখের পার-৫/বহিঃশিক্ষা-০১/২০০৮/৮১নং প্রজ্ঞাপন মোতাবেক ০১.০৪.২০০৮ তারিখ হতে ৩১.০৩.২০০৯ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের মঞ্জুরিকৃত বহিঃবাংলাদেশ ছুটি নিয়ে উচ্চশিক্ষার্থে জাপান গমন করেন;

যেহেতু, গত ৩১.০৩.২০০৯ তারিখে তার শিক্ষাছুটির মেয়াদ শেষ হলেও তিনি কর্মস্থলে যোগদান না করে ০১.০৪.২০০৯ তারিখ হতে ৩১.০৩.২০১৩ তারিখ পর্যন্ত বহিঃবাংলাদেশ শিক্ষা ছুটির আবেদন করেন;


যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১০.০৬.২০০৯ তারিখের স্বাপকম/বহিঃশিক্ষা-০১/২০০৮/৭৬৩ স্মারকে তাঁর আবেদন নামঞ্জুর করে তাঁকে কর্মস্থলে যোগদান করতে বলা হয়;

যেহেতু, তিনি সরকারি আদেশ অমান্য করে অননুমোদিতভাবে বিদেশ অবস্থান করে গত ০১.০৪.২০০৯ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে ১৬.০৪.২০১৩খ্রিঃ তারিখে যোগদানের জন্য আবেদন করেন;

যেহেতু, গত ০১.০৪.২০১৩ তারিখে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ সমীর কুমার পাল (৪৫৭১২), ডেন্টাল সার্জন, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০১.০৪.২০১৩খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

  
(সৈয়দ মনজুরুল ইসলাম)  
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৭.২০১৩- *teo/26*

তারিখঃ ১৭ .১২.২০১৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তকে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপ-সচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ সমীর কুমার পাল (৪৫৭১২), ডেন্টাল সার্জন, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (যোগাযোগ ঠিকানাঃ যোগাযোগ ঠিকানাঃ- হাউজ-৫৯, ফ্ল্যাট-৫এ, রোড-৪, ব্লক-৪সি, মহানগর হাউজিং কমপ্লেক্স, রামপুরা, ঢাকা-১২১৯)।

(আসমা তাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)